

সৈয়দপুর উপজেলা পরিষদ  
জেলাঃ নীলফামারী

স্মারক নংঃ

তারিখঃ ১১/০১/২০২২খ্রিঃ

উপজেলা পরিষদের যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক কমিটির সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আজমল হোসেন  
ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

সভার তারিখ : ১১/০১/২০২২খ্রিঃ

সময় : ১২.৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, সৈয়দপুর, নীলফামারী।

উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য কমিটির সদস্য সচিব ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলী উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

২। আলোচ্য বিষয়-০২ঃ যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির কার্যক্রম পর্যালোচনা

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বাস্তবায়নযোগ্য প্রকল্প চূড়ান্ত করা হয়েছে। পোড়ারহাট জিসি টু তারাগঞ্জ পর্যন্ত ১৭.৭৫ কিঃমিঃ রাস্তার টেন্ডার হয়েছে। শীঘ্রই কাজ শুরু হবে। তিনি আরও বলেন যে, বাঙ্গালীপুর ইউনিয়নের চৌমুহনী টু বেনীরহাট এবং বোতলাগাড়ী ইউনিয়নের পোড়ারহাট জিসি টু শ্বাষকান্দর রাস্তা সংস্কারের বরাদ্দ পাওয়া গেছে। এছাড়াও তিনি বলেন উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনা প্রস্তুতের কাজ চলমান রয়েছে।	সৈয়দপুর উপজেলায় করোনাভাইরাসের ভ্যাকসিন গ্রহণের জন্য মানুষদের মাঝে সচেতনতা তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, সৈয়দপুর

৩। আলোচ্য বিষয়-০৩ঃ মহিলা কর্মীদের আয় বর্ধনমূলক প্রশিক্ষণ বিষয়ে

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
সভার সদস্য সচিব সভায় জানান যে, Labour Contracting Society (LCS)-এর সদস্য হিসেবে দরিদ্র, অসচ্ছল ও কর্মক্ষম মহিলারা অন্তর্ভুক্ত। কাজের মৌসুমে কাজ থাকলেও বছরের বেশিরভাগ সময় কাজ না থাকায় এবং যথাযথ দক্ষতার অভাবে কর্মহীন দিনগুলোতে এসব সদস্যের পরিবারগুলোকে মানবতের জীবনযাপন করতে হয়। তাছাড়া প্রাণিজ আমিষ উৎপাদনে ঘাটতি থাকার কারণে আমিষের দাম বেড়েই চলেছে এবং নিরাপদ আমিষের অভাবে মানুষের রোগপ্রতিরোধ ক্ষমতা হ্রাস পাচ্ছে।	জনগুরুত্বপূর্ণ বিবেচনায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপ-প্রকল্পটি উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটির সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, সৈয়দপুর
উপ-প্রকল্প যেসব সমস্যার সমাধান করবে/চাহিদা মেটাবেঃ ➤ প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি পেলে বাড়তি আয়ের পথ তৈরী হবে;		

<ul style="list-style-type: none"> <li>➤ সুবিধাভোগীদের সচ্ছল ও আত্মনির্ভরশীল হওয়ার সুযোগ তৈরী হবে;</li> <li>➤ স্বাস্থ্যসম্মত মাংস ও দুধ উৎপাদনে সহায়ক হবে;</li> <li>➤ নিরাপদ প্রাণীজ আমিষ শিশুদের দৈহিক বৃদ্ধি ও মেধা বিকাশে সহায়তা করবে;</li> <li>➤ এন্টিবায়োটিক রেজিস্ট্র্যাপ কমবে এবং জনসাধারণের স্বাস্থ্য সুরক্ষা উন্নত হবে এবং</li> <li>➤ আমিষের বাজারমূল্য মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে থাকবে।</li> </ul>		
---	--	--

৪। অতপরঃ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোঃ আজমল হোসেন)

সভাপতি

যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি

ও

ভাইস-চেয়ারম্যান

উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

উপজেলা পরিষদ কার্যালয়

সৈয়দপুর, নীলফামারী।

স্মারক নং-

তারিখঃ ১১/০১/২০২২খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, নীলফামারী।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সৈয়দপুর, নীলফামারী।
- ৫। উপজেলা..... কর্মকর্তা, সৈয়দপুর, নীলফামারী।
- ৬। চেয়ারম্যান, .....ইউনিয়ন পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।
- ৭। অফিস কপি।



সভাপতি

উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি

সৈয়দপুর, নীলফামারী।